# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 01-09-24** **Desk in Charge : SB**

**Time : 7.50 P.M.** **Compiling : SB**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR-এর ঘটনায় রাজ্য জুড়ে প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত।

# আগামীকাল ‘লালবাজার অভিযান’-এর ডাক দিয়েছেন জুনিয়ার ডাক্তাররা।

২/ ধর্ষণের মতো অপরাধে মৃত্যুদন্ডের সংস্থান রাখতে কড়া আইন আনার জন্য, আগামীকাল রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন বসছে।

৩/ RG KAR কান্ডের মধ্যেই রাজ্যের নানা প্রান্ত থেকে নারী নির্যাতনের একাধিক অভিযোগ উঠে এসেছে।

৪/ বাগিচা শ্রমিকদের ন্যূনতম মজুরী স্থির করতে নতুন করে পরামর্শদাতা কমিটি গঠন করেছে রাজ্য সরকার।

৫/ প্রবাদ প্রতিম ফুটবলার শৈলেন মান্নার ১০১-তম জন্মদিন আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

****************************************************************

RG KAR কাণ্ডে দ্রুত বিচার চেয়ে **কলকাতা** সহ রাজ্যের বিভিন্ন অংশে সোচ্চার হয়েছে নাগরিক সমাজ। ন্যায় বিচারের দাবীতে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক সমাজের বিশাল মিছিলে পা মিলিয়েছেন অপর্ণা সেন, চৈতি ঘোষাল, স্বস্তিকা মুখোপাধ্যায়, লগ্নজিতা চক্রবর্তী, ঊষসী চক্রবর্তী, সাহেব চট্টোপাধ্যায়, বাদশা মৈত্র, সৃজিত মুখোপাধ্যায়ের মতো বহু বিশিষ্ট জন। অপর্না সেন বলেন, সর্ব্বোচ্চ আদালতের ওপর তাঁদের আস্থা রয়েছে।

(বাইট- অপর্ণা )

**রামকৃষ্ণ মিশন** স্কুলের প্রাক্তনীরাও আজ প্রতিবাদ মিছিলে সামিল হন। গোলপার্ক থেকে নন্দন চত্বর পর্যন্ত দীর্ঘ মিছিলে তাঁরা অংশ নেন। অন্যান্য কয়েকটি স্কুল, কলেজের প্রাক্তনীরাও আলাদাভাবে প্রতিবাদ মিছিল করেছেন।

এদিকে, **বর্ধমানে** ABVP-র মিছিলকে কেন্দ্র করে কার্জন গেট এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়। বর্ধমান স্টেশন থেকে বের হয়ে মিছিল কার্জন গেট চত্ত্বরে পৌঁছলে, সেখানে তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকরা পাল্টা স্লোগান দিতে থাকে। দুপক্ষের মধ্যে বচসা বাধে। পরে পুলিশ ABVP সমর্থকদের সেখান থেকে সরিয়ে দেয়।

**মুর্শিদাবাদের** জিয়াগঞ্জে প্রতিবাদে সামিল হয়েছেন ছাত্র যুবরা।

**নদীয়ার** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের মূল ফটক থেকে শুরু হওয়া মিছিলে পা মেলান বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, গবেষক, শিক্ষাকর্মী, অধ্যাপকরা।

**পুরুলিয়ায়** হিন্দু সচেতনতা মঞ্চের মিছিলে হাঁটেন সাধু সন্তরা।

RG KAR-এ নির্যাতিতার জন্য সুবিচারের দাবীতে বাম ছাত্র সংগঠন SFI-এর প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় ইউনিট, আগামীকাল দুপুরে গণজমায়েত ও মিছিলের আহ্বান জানিয়েছে।

দোষীদেরর কঠোরতম শাস্তি এবং দ্রুত ন্যায় বিচারের দাবীতে হাইস্কুল **শিক্ষকদের সংগঠন**- 'অল পোস্টগ্রাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন', কালো ব্যাজ পড়ে শিক্ষক দিবস পালনের কর্মসূচী পালনের কর্মসূচী ঘোষণা করেছে।

***************************

RG KAR কান্ডে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবীতে, আগামীকাল **‘লালবাজার অভিযান’**-এর ডাক দিয়েছেন জুনিয়ার চিকিৎসকরা। কলেজ স্কোয়ার থেকে দুপুর ২’টোয় মিছিল শুরু হয়ে যাবে লালবাজার পর্যন্ত।

আগামী বুধবার রাত ৯’টা থেকে ১০ টা পর্যন্ত **মানব বন্ধন** কর্মসূচী পালন করা হবে। পাশাপাশি রাত ৯’টা থেকে ১০ টা রাজ্যবাসীকে ঘরের **আলো নিভিয়ে** রাখার অনুরোধ করেছেন তাঁরা।

আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের একাংশ আজ কলকাতার কয়েকটি এলাকায় **‘অভয়া ক্লিনিক’** নামে স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছিল। নিখরচায় মানুষজন এই শিবিরগুলিতে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। পাশাপাশি চলছে টেলি মেডিসিন পরিষেবাও।

এদিকে, একটি বেসরকারি চ্যানেলের অনুষ্ঠানে মহিলা চিকিৎসকদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করায়, ক্ষমা চেয়েছেন তৃণমূল কংগ্রেস সাংসদ ডাক্তার **কাকলী ঘোষ দস্তিদার**। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি নিজের মন্তব্য প্রত্যাহার করার কথা জানিয়েছেন। কাকলীর ওই মন্তব্যের প্রেক্ষিতে ইন্ডিয়ান সাইক্রিয়াটিক সোসাইটি তাঁকে ‘ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন’ থেকে বহিষ্কারের দাবী জানিয়েছে।

***************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পদত্যাগ না করলে, রাজ্যের মহিলারা ন্যায় বিচার পাবে না বলে, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি নেত্রী প্রতিমা ভৌমিক দাবী করেছেন।

কলকাতায় আজ দলের ধর্না মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, RG KAR-এ অপরাধের প্রমাণ লোপাটের চেষ্টা হয়েছে। রাজ্যের পুলিশ প্রশাসন, অপরাধীদের সুরক্ষা দেওয়ার কাজ করছে। বিজেপি মানুষের অধিকার রক্ষার জন্য লড়াই চালিয়ে যাবে বলে তিনি মন্তব্য করেন। আগামী ৫’তারিখ পর্যন্ত ধর্না কর্মসূচী চলবে বলে, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন।

***************************

দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ মতো আর জি কর কান্ডে দ্রুত বিচারের দাবীতে তৃণমূল কংগ্রেস আজ রাজ্য জুড়ে নানা কর্মসূচী পালন করছে।

রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে কলকাতায় আজ মিছিল করেছে দলের মহিলা শাখা।

দার্জিলিং-এর নকশাল বাড়িতে ধর্না কর্মসূচী পালন করা হচ্ছে।

উত্তর দিনাজপুরের গোয়ালপোখড়ে দলের এক অবস্থান বিক্ষোভে যোগ দেন রাজ্যের মন্ত্রী গোলাম রাব্বানি। তিনি বলেন, নির্বাচনে পরাজিত হয়ে বিজেপি রাজ্যকে অশান্ত করতে চাইছে।

***************************

ধর্ষণের মত অপরাধে মৃত্যুদন্ডের সংস্থান রাখতে কড়া আইন আনার জন্য আগামীকাল রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন বসছে। বেলা দুটোয় অধিবেশন বসবে। সদ্যপ্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের স্মরণে শোক প্রস্তাব গ্রহণের পর সভা মুলতুবি হয়ে যাবে। মঙ্গলবার একটি বিল পেশ করা করে তার উপর আলোচনা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও এই আলোচনায় অংশ নেবেন বলে জানা গেছে।

তবে বিজেপি বিলটি সমর্থন করবে কিনা বা আলোচনায় অংশ নেবে কিনা তা নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি বলে দলের মুখ্য সচেতক শংকর ঘোষ জানিয়েছেন।

***************************

আর জি কর কান্ডের তথ্যপ্রমাণ লোপাটে নাম উঠে আসা দেবাশীস সোম অসুস্থ হয়ে বাইপাসের ধারে একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি হয়েছেন। তিনি আর জি কর হাসপাতালের ফরেনসিক বিভাগের ডেমনস্ট্রেটর ও আরজি করের প্রাক্তন অধ্যক্ষ ডাঃ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ। তাঁকে বাইপ্যাপে রাখা হয়েছে বলে খবর।

উল্লেখ্য, আরজিকরের আর্থিক দুর্নিতীর তদন্তে সিবিআই দেবাশীস সোমকে কয়েকবার জেরা করেছে।

**************************

আর জি করে চিকিতসককে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে যখন রাজ্য উত্তাল, সেইসময়েই রাজ্যের বিভিন্ন প্রান্তে নারী নির্যাতনের একাধিক খবর সামনে এসেছে।

**বীরভূমের ইলামবাজার** ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতরাতে কর্তব্যরত অবস্থায় নার্সের শ্লীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে আজ হাসপাতাল চত্ত্বর উত্তাল হয়ে ওঠে। এই ঘটনার প্রতিবাদে সকাল থেকেই চিকিৎসক, নার্স, হাসপাতাল কর্মীরা দফায় দফায় বিক্ষোভ দেখাচ্ছেন। থানা ঘেরাও-এর পর বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকাতেও বিক্ষোভ দেখানো হয়। উল্লেখ্য, গতরাতে শেখ আব্বাসউদ্দীন নামে এক রোগী কর্তব্যরত নার্সের শ্লীলতাহানি করে বলে অভিযোগ। এদিকে, ওই ঘটনার প্রেক্ষিতে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ পুলিশের শীর্ষ কর্তারা দফায় দফায় বৈঠক করছেন। অভিযুক্ত শেখ আব্বাসউদ্দীনকে গ্রেপ্তার করা হয়েছে। বিক্ষোভরত স্বাস্থ্যকর্মীরা অভিযোগ করেছেন, নার্স, চিকিৎসক, আশাকর্মী, কেউই নিরাপদ নন।

**হাওড়া** জেলা হাসপাতালে গতরাতে চিকিৎসাধীন এক কিশোরীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে, হাসপাতালের এক ল্যাব টেকনিশিয়ানের বিরুদ্ধে। রাতেই পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে। বছর **১২**-র ওই কিশোরীকে গত বুধবার হাওড়া জেলা হাসপাতালে ভর্তি হয়। সিটি স্ক্যান করার সময় অভিযুক্ত টেকনেশিয়ান তার শ্লীলতাহানি করে বলে অভিযোগ। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। প্রতিবাদে বাম-ছাত্র-যুব কর্মীরা হাসপাতালের সুপারকে ডেপুটেশন দিতে গেলে, তাঁদের সঙ্গে নিরাপত্তা কর্মী ও আধিকারিকদের বচসা বাধে। সুপারের পদত্যাগের দাবীতে বিক্ষোভ দেখানো হয়। এদিকে, বিজেপির মহিলা মোর্চা আজ বিকেলে হাওড়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। উপস্থিত ছিলেন মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র সহ অন্যান্য নেতৃবৃন্দ।

কোচবিহার **হলদিবাড়িতে** এক নাবালিকার শ্লীলতাহানির অভিযোগে শনিবার রাতভর হলদিবাড়ি থানায় বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। বকশীগঞ্জের ভোলারহাট বাজারে ওই নাবালিকা গতরাতে ওষুধ আনতে যাওয়ার সময় লিয়াকত আলি সরকার নামে এক ব্যক্তি তার শ্লীলতাহানি করে বলে অভিযোগ। অভিযুক্ত তৃণমূলের এক পঞ্চায়েত সদস্যের আত্মীয় বলে দাবি স্থানীয়দের। তাকে গ্রেফতার করেছে পুলিশ।

অন্যদিকে **দিনহাটায়** RG KAR কাণ্ডের প্রতিবাদে পথে নামা এক যুবতীকে সোশ্যাল মিডিয়ায় ধর্ষণের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। তাঁকে নিয়ে দিনহাটা থানায় অভিযোগ জানাতে গেলে আজিজুল হক নামে এক SUCI নেতাকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কর্মী সমর্থকদের বিরুদ্ধে।

**************************

**উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের** রোহান্ডা পঞ্চায়েতের রাজবাড়ী এলাকায় সাত বছরের এক নাবালিকার যৌন হেনস্থার অভিযোগে গতরাতে চাঞ্চল্য ছড়ায়। বিচারের দাবি তুলে গ্রামবাসীরা রাস্তা অবরোধ করে। ভাঙচুর করা হয় দোকানপাট**।** বিক্ষোভকারীদের হঠাতে পুলিশ লাঠিচার্জ শুরু করে। ছোঁড়া হয় কাঁদানে গ্যাস। আজ সকালেও এলাকায় বিক্ষোভ চলে। এক পঞ্চায়েত সদস্যের বাড়িতেও বিক্ষোভকারীরা চড়াও হয়। গতরাতেই আবদুল রউফ নামে অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ সূত্রের খবর। আজ তাকে আদালতে তোলা হলে, তিনদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে, আট বছরের এক বালিকার শ্লীলতাহানির অভিযোগে **পশ্চিম বর্ধমানের সালানপুর** থানা এলাকায় গতকাল উত্তেজনা ছড়ায়। গ্রামের'ই এক বৃদ্ধ প্রলোভন দেখিয়ে আদিবাসী বালিকাটির শ্লীলতাহানি করে ব্বলে অভিযোগ। পুলিশ ওই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

**************************

অসমের জনগণের মধ্যে তৃণমূল কংগ্রেসের গ্রহণযোগ্যতা বাড়াতে না পারার কারণ দেখিয়ে, দলের রাজ্য সভাপতি পদ থেকে ইস্তফা দিয়েছেন রিপুণ বোরা। একইসঙ্গে তিনি দলের প্রাথমিক সদস্য পদ'ও ছেড়ে দিয়েছেন।

উল্লেখ্য, ২০২২ সালে রিপুণ বোরা তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছিলেন।

**************************

বাগিচা শ্রমিকদের ন্যূনতম মজুরী স্হির করতে রাজ্য সরকার নতুন করে পরামর্শদাতা কমিটি গঠন করেছে। পুরনো কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় এই পদক্ষেপ। রাজ্য

সরকার ছাড়াও শ্রমিক ও মালিক পক্ষের মোট ১০ জন করে প্রতিনিধি নিয়ে ৩০ জনের এই কমিটি গঠন করা হয়েছে বলে শ্রম দফতর সূত্রে জানা গিয়েছে। কমিটিতে এই প্রথম ক্ষুদ্র চা-চাষিদের প্রতিনিধি থাকছেন।

উল্লেখ্য, ২০১৫ সালে প্রথম ন্যূনতম মজুরি নির্ধারক কমিটি তৈরি করা হয়েছিল। বর্তমানে বড় বাগানে কর্মরত প্রতি শ্রমিক দিনে আড়াইশো টাকা এবং ছোটো বাগানের শ্রমিকরা দৈনিক ২-শো ২ থেকে ২১২ টাকা পর্যন্ত মজুরী পান।

***************************

নিউ টাউনের ইকো-পার্ক থানা এলাকায় রাম মন্দিরের কাছে নাসিরুদ্দিন খান নামে এক যুবককে গুলি করে হত্যার ঘটনায় ধৃত রফিকুল ইসলামের পাঁচদিনের পুলিশ হেফাজত হয়েছে। ওই ব্যক্তি, নাসিরুদ্দিনের ব্যবসার অংশীদার বলে জানা গেছে। কয়েক মাস ধরে দুজনের মধ্যে টাকা পয়সা নিয়ে গন্ডগোল চলছিল। গতরাতে রাম মন্দিরের কাছে বাইকে করে এসে নাসিরুদ্দিনকে খুব কাছ থেকে গুলি করে পালায় দুষ্কৃতীরা, হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

***************************

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে রাজ্যে ভারী বৃষ্টির কোন সম্ভাবনা নেই বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানালেন-

(বাইট- সৌরিশ )

***************************

নৈহাটি ষ্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মহামেডান স্পোর্টিং ও মেসারার্স ক্লাবের মধ্যে খেলাটি প্রবল বৃষ্টির জন্য ৫৮ মিনিটে পরিত্যক্ত হয। সে সময় মহামেডান স্পোর্টিং ১-০ গোলে এগিয়ে ছিল।

ব্যারাকপুর ষ্টেডিয়ামে সুরুচি সংঘ ৩-০ গোলে এরিয়ান ক্লাবকে, চুঁচুড়ায় বি এসএস স্পোর্টস ক্লাব ২-০ গোলে ইউনাইটেড স্পোর্টস ক্লাব কে পরাজিত করেছে।

****************************

প্রবাদপ্রতিম ফুটবলার শৈলেন মান্নার আজ ১০১ তম জন্মদিন নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে। নবান্নে রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরুপ বিশ্বাস, কিংবদন্তি এই ফুটবলারের প্রতিকৃতিতে মাল্যপর্ন করে শ্রদ্ধা নিবেদন করেন। কালীঘাট স্পোর্টস লাভার্স এসোসিয়েশনের উদ্যোগে ময়দানে কাবাডি তাবুতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয।করেছিল। সেখানে বহু ক্রীড়াবিদ উপস্থিত ছিলেন।

****************************

মুর্শিদাবাবাদের সুতির আহিরণ ঘাটে আয়োজিত হয় বিশ্বের দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতা। ৮১ কিলোমিটার বিভাগে এরাজ্য ছাড়াও মহারাষ্ট্র, বিহার, ঝাড়খণ্ড এর প্রতিযোগিরা অংশ নেন। ৮১ কিমি তে প্রথম হয়েছেন বর্ধমানের প্রত্যয় ভভট্টাচার্য্য। তিনি দ্বিতীয় বার প্রথম স্থান অধিকার করলেন। দ্বিতীয় হয়েছেন বহরমপুর সুইমিং ক্লাবের তপু সরকার। তৃতীয় হয়েছেন মহারাষ্ট্রের থানের পার্থ সন্দীপ হাটনাকার। ১৯ কিমি মহিলা বিভাগে প্রথম হয়েছেন বিশাখা ধাড়া, ১৯ কিমি পুরুষ বিভাগে প্রথম হয়েছেন কোলকাতা লেক টাউনের গৌরব কাবেরী।

********************************************************************